

# বিটি তুলার প্রদর্শনী/দ্বিয়ারাল প্লট স্থাপনের নির্দেশিকা



তুলা উন্নয়ন বোর্ড  
কৃষি মন্ত্রণালয়



# বিটি তুলার চাষ পদ্ধতি

## ১) জমি নির্বাচন

বিটি তুলাচাষের জন্য উপযুক্ত হচ্ছে উঁচু জমি যেখানে বন্যা বা বৃষ্টির পানি ৬-৮ ঘন্টার বেশী জমে থাকে না। গাছের শিকড় বিস্তৃতিতে সুবিধায়ুক্ত উত্তম নিষ্কাশিত মাটি তুলাচাষের উপযোগী। তুলাচাষের জন্য উৎকৃষ্ট হচ্ছে- বেলে দো-আঁশ ও দো-আঁশ প্রকৃতির মাটি। ছায়ায়ুক্ত স্যাত স্যাতে জমি তুলাচাষের জন্য পরিহার করতে হবে।

## ২) জমি তৈরী

চাষ দেবার আগেই গোবর/কম্পোষ্ট জমিতে ছিটিয়ে দিতে হবে। তারপর বৃষ্টির ফাকে ফাকে মাটির জো অবস্থা বুঝে ৩-৪ টি চাষ ও মই দিয়ে জমি সমতল ঝুরঝুরে করে নিতে হবে। বিভিন্ন আবর্জনা ও আগাছা উত্তমরূপে পরিষ্কার করতে হয়। প্রতিকূল পরিবেশে রেইজড বেড অথবা রিজ এন্ড ফারো পদ্ধতিতে তুলা বীজ বপন করতে হবে।

## ৩) বপন পদ্ধতি

জমির চারপাশে ১ লাইন করে নন-বিটি জাতের রিফিউজ সারি বপন করতে হবে। রিফিউজ সারি থেকে ১ (এক) মিটার দূরে বিটি তুলার বীজ নির্ধারিত দূরত্বে বপন করতে হবে। নন-বিটি জাতের বীজ আলাদা প্যাকেটে সরবরাহ করা হবে।

## ৪) প্রতিটি প্রদর্শনীর (২৫ শতকের) জন্য সারের নাম ও পরিমাণ

ক্র: নং	সারের নাম	পরিমাণ (কেজি)
১	ইউরিয়া (N ৪৬%)	১৪
২	ডিএপি (N ১৮%, P ২০%)	৩৪
৩	এমওপি (K ৫০%)	৪২
৪	প্যাকেটজাতকৃত জিপসাম (S ১৭%, Ca ২৩%)	১৪
৫	জিংক সালফেট (Zn ৩৬%, S ১৮%)	১.৫
৬	প্যাকেটজাতকৃত বোরাক্স (B ১৭%)	২
৭	ম্যাগনেশিয়াম সালফেট (Mg ৯.৫%)	১.৫
৮	প্যাকেটজাতকৃত জৈব সার	থোক

## ৫) সার প্রয়োগ পদ্ধতি

সমুদয় ডিএপি, এমওপি, জিপসাম, জিংক সালফেট, বোরাক্স, ম্যাগনেশিয়াম সালফেট এবং জৈব সার শেষ চাষের সময় মাটিতে ছিটিয়ে দিতে হবে। ১০ কেজি ইউরিয়া তুলা গাছে প্রথম ফুল আসার সময় সারিতে প্রয়োগ করতে হবে। প্রথম বার ইউরিয়া প্রয়োগের ১০ দিন পর ১০ কেজি ইউরিয়া তুলা গাছে প্রথম ফুল আসার সময় সারিতে প্রয়োগ করতে হবে।

## ৬) ফসল ব্যবস্থাপনা

### ক) শূন্যস্থান পূরণ (গ্যাপ ফিলিং)

বীজ বপনের ৭-৮ দিনের মধ্যে যে সব হিলে (মাদায়) চারা গজায় নাই সে সকল মাদায় পুনরায় বীজ বপন করতে হবে। বীজ বপনের সময় জমির কিনারায় কচুি অতিরিক্তি বীজ বপন করে বাড়তি চারা উৎপাদন করলে পরবর্তীতে উক্ত চারা দ্বারা সহজই গ্যাপ ফিলিং করা যায়। চারা উঠিয়ে গ্যাপ ফিলিং বৃষ্টি বা মেঘলা দিনে করা উত্তম।

### খ) চারা পাতলা করণ ও আগাছা দমন

চারা গজানোর ১০ দিন পরে প্রতি মাদায় ২টি এবং ২০ দিন পরে প্রতি মাদায় ১টি করে সুস্থ সবল চারা রেখে বাকী চারা তুলে ফলেতে হবে। চারা পাতলা করনের সময় হাত/কাঁচি/কোদাল দ্বারা আগাছা দমন করতে হবে। গাছে ফুল না আসা পর্যন্ত অর্থাৎ বপনের ৬০-৭০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

### গ) গোড়া মাটি দ্বারা বেঁধে দেয়া

বীজ বপনের ৪০ দিন পর ১ম বার এবং বীজ বপনের ৬০ দিন পর ২য় বার গাছের গোড়া মাটি দিয়ে ভাল করে বেঁধে দিতে হবে।

### ঘ) ক্ষতিকারক পোকা-মাকড় নিয়ন্ত্রণ

বিটি তুলার গাছ শোষক পোকা দ্বারা আক্রান্ত হতে পারে। কীটনাশক প্রয়োগ করে ক্ষতিকারক পোকা-মাকড়কে দমন করতে হবে। তবে মাঠে কীটনাশক প্রয়োগের পূর্বে স্কাউটিং করে জমিতে ক্ষতিকারক পোকা-মাকড়ের সঠিক অবস্থা নিরূপণ করা আবশ্যিক। কমপক্ষে সাতদিন পর পর স্কাউটিং করতে হবে। শোষক পোকাকার জন্য গাছের মধ্যভাগ থেকে একটি ও অগ্রভাগ থেকে দুইটি পূর্ণ বিকশিত পাতা পর্যবেক্ষণ করতে হবে। সাদা মাছির জন্য গাছের মধ্যভাগ (৪-৭ নং নোডে) পাতার নীচে দেখতে হবে। স্কাউটিং এর সময় ক্ষেতের চারদিকের কিনারা থেকে ৫ ফুট বাদ দিয়ে সমগ্র ক্ষেতটি হতে ২০-২৫টি গাছ বাছাই করে গণনা করতে হবে এবং অর্থনৈতিক দ্বারপ্রাপ্ত (ETL) আসা মাত্রই স্প্রে করতে হবে।

### ঙ) রোগবালাই নিয়ন্ত্রণ

বিটি তুলার জমিতে রোগবালাই এর প্রাদূর্ভাব দেখার সাথে সাথেই বালাইনাশক পানির সাথে মিশিয়ে ১৫ দিন পর পর ৩ বার প্রয়োগ করতে হবে।

### চ) সেচ ও নিষ্কাশন

নাবীতে বপন করার কারণে যদি নভেম্বর/ডিসেম্বর মাসে জমিতে রস কমে যায় তবে ১/২টি হাক্সা সেচের প্রয়োজন হতে পারে। তুলার জমিতে বোল ফাঁটা শুরু করা পর্যন্ত যাতে পরিমিত রস থাকে তা নিশ্চিত করতে হবে।

### ৭) বীজতুলা সংগ্রহ

ফুটন্ত সাদা ধবধবে বীজতুলা যা সহজে হাতের আঙ্গুল দিয়ে টেনে তোলা যায় এমন তুলা সংগ্রহ করতে হবে। বিটি বীজতুলা আলাদাভাবে সংগ্রহ করতে হবে।

### ৮) বীজতুলা শুকানো

মাঠ থেকে সংগ্রহের পর আঁশ ও বীজের মান উন্নয়নের জন্য বীজতুলা ভালো করে রৌদ্রে শুকিয়ে নিতে হবে। বিটি বীজতুলা অন্য বীজতুলা হতে আলাদাভাবে শুকাতে হবে।

### ৯) বীজতুলা সংরক্ষণ

উত্তমরূপে শুকানো এবং বাছাইকৃত বীজতুলা চটের/কাপড়ের বড় বস্তায় ভরে বিক্রয়ের আগ পর্যন্ত নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে। বিটি বীজতুলা অন্য বীজতুলা হতে আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।

# বিটি তুলার প্রদর্শনী প্লটের লে-আউট

নন বিটি-১ সারি

নন বিটি-১ সারি

২৫ শতক  
বিটি তুলা

নন বিটি-১ সারি

নন বিটি-১ সারি